

খুলনা জেলাধীন উপজেলা সমবায় অফিসার ও মাঠপর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে আগস্ট/২০২২ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

স্থান : জেলা সমবায় কার্যালয়, খুলনা।
তারিখ : ৩১/০৮/২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১০:০০ টা।

মাসিক সমন্বয় সভা জেলা সমবায় কর্মকর্তা, খুলনা এর সভাপতিত্বে আরম্ভ করা হয়। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সকলের উদ্দেশ্যে উপজেলা ভিত্তিক কাজের অগ্রগতি মূল্যায়ন করে কার্যপত্র উপস্থাপন করা হয়। সভায় সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

সভার আলোচ্যসূচি মোতাবেক দফাওয়ারী আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/কার্যার্থে
০১	০২	০৩	০৪	০৫
১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় বিগত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কারও কোন আপত্তি কিংবা কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের প্রস্তাব পাওয়া যায়নি।	উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	সম্পাদিত
২	বাংলাদেশ সমবায় ব্যাংক এর ঋণ কার্যক্রম সম্পর্কে আলোচনা।	সভায় সভাপতি বাংলাদেশ সমবায় ব্যাংক হতে গৃহীত ঋণ পরিশোধের তথ্যাদি দিয়ে আলোচনা করেন।	বাংলাদেশ সমবায় ব্যাংক এর গাইড লাইন অনুযায়ী ঋণ পরিশোধের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	ম্যানেজার,খুলনা ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ।
৩	দুগ্ধ সমবায় সমিতির অডিট,ঋণ, দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, বাজারজাত করণ সম্পর্কে আলোচনা।	দুগ্ধ সমবায় সমিতির মিক্সভিটায় দুধ সরবরাহ, অডিট, সরকারী মূল্য পরিশোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	যে সকল প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি মিক্সভিটায় দুধ সরবরাহ করেন না এবং সমিতির খাতা পত্র সঠিক ভাবে লিপিবদ্ধ করেন না সেই সকল সমিতির প্রতিনিধিদের নিয়ে সভা করতে হবে এবং এ বিষয়ে দিকনির্দেশনা প্রদান করতে হবে। সমিতি গুলি ভবিষ্যতে আরো বেশী পরিমাণ দুধ সরবরাহ করে সে বিষয়ে মিক্সভিটা ও সমবায় বিভাগের যৌথ কার্যক্রম পরিচালনা করা হবে। দুধের উপর্যুক্ত মূল্য যাতে কৃষক পায় সে ব্যাপারে পদক্ষেপ নিতে হবে।	ম্যানেজার, মিক্স ভিটা ও উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৪	আমানত সংগ্রহকারী সমবায় সমিতির তথ্য পর্যালোচনা।	বিভাগীয় মাসিক সম্মেলনের কার্যপত্রের প্রেরিত ছক মোতাবেক প্রত্যেক উপজেলা সমবায় অফিসারদের আমানত সংগ্রহকারী সমবায় সমিতির তথ্য দাখিলের জন্য বিষয়ে সভায় আলোচনা হয়। FDR ও DPS এর তথ্য না আসার কারন কী।	১। বিগত সভায় চাহিত ছক মোতাবেক প্রত্যেক উপজেলা সমবায় অফিসারদের আমানত সংগ্রহকারী সমবায় সমিতির তথ্য দ্রুত দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। বিভাগীয় কার্যালয়ের ছক মোতাবেক FDR ও DPS এর তথ্য দিতে হবে। এ বিষয়ে সভাপতি ইউসিওদের নিকট জানতে চান।	উপজেলা সমবায় অফিসারবৃন্দ।
৫	ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন।	উপজেলাতে কোন সমবায় সমিতি ঝুঁকিপূর্ণ হলে তার তালিকা দ্রুত জেলা সমবায় কার্যালয়ে প্রেরনের জন্য উপজেলা সমবায় অফিসারদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির ম্যানেজিং কমিটি ও স্থানীয় প্রশাসনের সমন্বয়ে সভা আহবান করে করণীয় নির্ধারণের ব্যাপারে পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। উপজেলা সমবায় অফিসারগন ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তালিকা নিয়মিত প্রেরণ করবেন। ২। প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি গুলো পরিদর্শন করে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহে রাখতে হবে। ৩। ঝুঁকি নিরসনে কার্যকর পরামর্শ প্রদান করতে হবে। ৪। কোন আত্মসাতের ঘটনা পরিলক্ষিত হলে অবিলম্বে এ দপ্তরকে জানাতে হবে। ৫। স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের নিয়ে সভা করে সমস্যা নিরসনে করণীয় ঠিক করে সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে হবে।	উপজেলা সমবায় অফিসারবৃন্দ।

ক্র.সং.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/কার্যার্থে
৬	অডিট ফি ধার্য ও আদায় অগ্রগতি	সকল উপজেলার ২০২০-২০২১ সনের অডিট ফি ধার্য ও আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি জানান যে অডিট সমাপ্ত হওয়ার সাথে সাথে অডিট ফি ধার্য ও আদায়ের বিষয়ে বিভাগীয় দ্বি-মাসিক সভায় সিদ্ধান্ত রয়েছে। কিন্তু বিগত বছর কোন উপজেলা থেকে এ বিষয়ে অগ্রগতি জানা যায়নি। উপজেলা সমবায় অফিসারগণ জানান বিগত বছর এ ধারা চালু না থাকায় আদায় করা হয়নি। এ বছর অডিট নোট প্রাপ্তির সাথে সাথে অডিট ফি ধার্য ও আদায় করা হবে।	১। ২০২০-২০২১ সনের অডিট ফি শতভাগ আদায় নিশ্চিত করায় ধন্যবাদ দেয়া হয়। ২। উপজেলা সমবায় অফিসার পাইকগাছাকে বকেয়া ২৭৫৬০/-টাকা অডিট ফি আদায় করা সম্ভব না হলে দূত সংশ্লিষ্ট সমিতির অডিট ফি মওকুফের আবেদন পুনরায় জেলা সমবায় অফিসার,খুলনা বরাবর দাখিলের জন্য বলা হয়। এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহন না করায় সভাপতি ইউসিও,পাইকগাছাকে সভায় সতর্ক করেন এবং অবিলম্বে ব্যবস্থা নিতে বলেন। ৩। সকল উপজেলা হতে অডিট ফি জমার ট্রেজারী চালান জেলা দপ্তরে প্রেরন করায় উপজেলা সমবায় অফিসারগণকে ধন্যবাদ জানান হয়। ৪। ২০২১-২০২২ সালের অডিট ফি অডিটের সাথে সাথে আদায় করে রিটার্ণে দেখাতে হবে।	উপজেলা সমবায় অফিসার (সকল) ও জেলা সমবায় কার্যালয়ের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী।
৭	সিডিএফ ধার্য ও আদায় অগ্রগতি।	সকল উপজেলার ২০২০-২০২১ সনের সিডিএফ ধার্য ও আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি জানান যে অডিট সমাপ্ত হওয়ার সাথে সাথে সিডিএফ ধার্য ও আদায়ের বিষয়ে বিভাগীয় দ্বি-মাসিক সভায় সিদ্ধান্ত রয়েছে। কিন্তু কোন উপজেলা থেকে এ বিষয়ে অগ্রগতি জানা যায়নি। উপজেলা সমবায় অফিসারগণ জানান বিগত বছর এ ধারা চালু না থাকায় আদায় করা হয়নি। আগামী বছর অডিট নোট প্রাপ্তি সাথে সাথে সিডিএফ ধার্য ও আদায় করা হবে।	১। ২০২০-২০২১ সিডিএফ শতভাগ আদায় নিশ্চিত করায় তাঁদেরকে ধন্যবাদ দেয়া হয়। ২। যে সকল উপজেলা হতে অদ্যাবধি সিডিএফ অনলাইন জমার মূল রশিদ জেলা দপ্তরে প্রেরন করেননি তাঁদেরকে আগামী ০৭/০৮/২০২২ তারিখের মধ্যে মূল রশিদ জমার নির্দেশ প্রদান করা হয়। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহন না করায় সভাপতি টিসিও, খুলনা সদরকে সতর্ক করেন। ৩। স্থিতিপত্রে বকেয়া সিডিএফ আদায়ের ব্যবস্থা করতে হবে। ৪। ২০২১-২০২২ সালের সিডিএফ অডিট সম্পাদনের সাথে সাথে আদায় করতে হবে।	উপজেলা সমবায় অফিসার (সকল) ও জেলা সমবায় কার্যালয়ের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী।
৮	অডিট অগ্রগতি	অডিট অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় ২০২১-২২ অর্থ বছরের অডিট সম্পাদিত সকল অডিট প্রতিবেদন জেলা কার্যালয়ে দাখিল করা হয়নি। ২০২১-২২ অর্থ বছরের কেন্দ্রীয় সমবায় সমিতি ও প্রাথমিক সমিতির সম্পাদন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কেন্দ্রীয় ও কার্যকর প্রাথমিক সমবায় সমিতির হিসাব বিবরণী দাখিলের বিষয়ে আলোচনা করা হয়।	১। আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট সম্পাদন নিশ্চিত করতে বলা হয়। ২। সকল প্রাথমিক সমবায় সমিতির আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে অডিট সম্পাদন নিশ্চিত করতে বলা হয়। ৩। বিগত মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী কয়রা, দাকোপ,বটিয়াঘাটা,পাইকগাছা,খুলনা সদর ও তেরখাদা উপজেলা সমবায় অফিসারগণ অডিট রিটার্ণ এর সাথে অডিট নোট এ কার্যালয়ে প্রেরণ না করায় সভাপতি তাঁদের এ বিষয়ে যত্নশীল হতে বলেন। ৪। বিগত মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২০২২ সনের সমিতির হিসাব বিবরণী দাখিল নিশ্চিত করতে হবে।	উপজেলা সমবায় অফিসার (সকল)
৯	অডিট নোট পর্যালোচনা	২০২১-২০২২ খ্রি. সনের অডিট নোট পর্যালোচনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	❖ ২০২১-২০২২ খ্রি. সনের সম্পাদিত অডিট নোট প্রাপ্তি স্বাপেক্ষে পর্যায়ক্রমে অডিট নোট পর্যালোচনা করতে হবে। ❖ নিয়মিত অডিট সেল এর সভা আয়োজনের জন্য জেলা অডিটরকে নির্দেশ দেয়া হয়।	সংশ্লিষ্ট সকল দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা



ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/কার্যার্থে
১০	সমিতি নিবন্ধন, অবসায়ন কার্যক্রমের অগ্রগতি/ অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিল অগ্রগতি	সমবায় সমিতির নিবন্ধন প্রদানের প্রস্তাব প্রদানের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, বিধিমালা ও সর্বশেষ সার্কুলার অনুসরণ করার বিষয়ে আলোচনা করেন। উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের বিষয়ে জনসাধারণকে উদ্ভুদ্ধ করার জন্য আলোচনা করেন। সমবায় সমিতি অবসায়ন প্রত্যাহার, অকার্যকর সমবায় সমিতিতে কার্যকর ও বাতিলের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নিবন্ধনকৃত সমবায় সমিতির অবৈধ শাখা বন্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। অকার্যকর সমবায় সমিতির সাথে হিসাব বিবরণী দাখিলের জন্য পত্রালাপ করার বিষয়ে আলোচনা করা হয়।	১। সমিতি গঠনের প্রকৃত উদ্দেশ্য যাচাই করে এবং উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের বিষয়ে উদ্ভুদ্ধ করে প্রস্তাব প্রেরণ করতে হবে। ২। অবসায়নে ন্যস্ত সমবায় সমিতির অবসায়ন কার্য সমাপ্ত করে নিবন্ধন বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে। দিঘলিয়া উপজেলার অন্তর্গত অবসায়নে ন্যস্ত দৌলতপুর দোকান মালিক সমবায় সমিতি লিঃ এর অবসায়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি না পাঠানোয় ইউসিও, দিঘলিয়াকে সভাপতি সতর্ক করেন। ৩। উপজেলাসমূহ হতে অকার্যকর সমবায় সমিতির বিষয়ে সমিতিতে পত্র যোগাযোগের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করে জেলা সমবায় অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত বাস্তবায়ন না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ৪। নিবন্ধনকৃত সমবায় সমিতির কোন অবৈধ শাখা থাকলে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫। কার্যকর ও অকার্যকর সমবায় সমিতির তালিকা ওয়েব পোর্টালে দিতে হবে।	বাস্তবায়নে/কার্যার্থে সংশ্লিষ্ট সকল দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা
১১	লভ্যাংশ বিতরণ সংক্রান্ত	নীট লাভ অর্জনকারী সমবায় সমিতির সদস্যদের মধ্যে লভ্যাংশ বন্টনের বিষয়ে আলোচনা করা হয়।	১। সমবায় সমিতি কর্তৃপক্ষকে লভ্যাংশ বিতরণের বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে। ২। লভ্যাংশ বিতরণ যোগ্য সমিতিতে লভ্যাংশ বিতরণে উৎসাহিত করতে হবে।	থানা/ উপজেলা সমবায় কর্মকর্তা (সকল) এবং সকল অডিট কর্মকর্তা।
১২	ভ্রাম্যমাণ/ মডেল প্রশিক্ষণ অগ্রগতি	সভায় ভ্রাম্যমাণ প্রশিক্ষণের বিষয়ে কর্মসূচী অনুযায়ী প্রশিক্ষণে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সভাপতি সকল উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান এবং চলতি বাজেটের প্রশিক্ষণ কোর্স শেষ করার বিষয়ে গুরুত্বরোপ করা হয়। প্রস্তাবিত সমবায় সমিতিতে প্রাক-নিবন্ধন প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	১। প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী ০১ দিনব্যাপী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠান পরিচালনার করতে হবে। ২। চলতি সনের রাজস্ব বাজেট থেকে প্রাপ্ত অর্থ হতে ০১ দিনের ভ্রাম্যমাণ সমাপ্ত করতে হবে। চলতি অর্থ বছরে সমিতির সদস্যদের দ্বিতীয়বার মনোনয়ন না দেয়ার জন্য বলা হয়। ৩। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় প্রশিক্ষণার্থী প্রেরনের জন্য সমিতির সদস্যদের তালিকা সংগ্রহ করে উপজেলা সমবায় অফিসে সংগ্রহ করে রাখার জন্য বলা হয়।	পরিদর্শক/সহকারী প্রশিক্ষক ও থানা/ উপজেলা সমবায় কর্মকর্তা (সকল)
১৩	অডিটে উদ্ঘাটিত তহবিল আত্মসাৎ, ত্রুটি-বিচ্যুতি	অডিটে উদ্ঘাটিত তহবিল আত্মসাৎকৃত অর্থের তথ্যে মেট্রো: থানা ১৫৯৬৪৫৪/- ও কয়রা উপজেলায় ৬৭৩৬৬/- আদায়ের বিষয়ে আলোচনা করা হয়।	১। মেট্রোপলিটন থানা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসার, কয়রা অডিটে উদ্ঘাটিত আত্মসাৎকৃত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণপূর্বক জেলা দপ্তরকে অবহিত করতে হবে।	মেট্রো: থানা অফিসার ও উপজেলা সমবায় অফিসার কয়রা।
১৪	অনলাইন রিটার্ন সম্পর্কিত আলোচনা	অনলাইন রিটার্ন সম্পর্কিত আলোচনা করা হয়।	১। অনলাইন রিটার্ন সম্পর্কিত কোন সমস্যা বা পরামর্শ থাকলে তা জেলা দপ্তরকে তাৎক্ষণিক অবহিত করতে হবে।	থানা/ উপজেলা সমবায় কর্মকর্তা (সকল) ও দায়িত্ব প্রাপ্ত



ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে/কার্যার্থে
১৫	প্রশাসনিক বিষয়াবলী	প্রশাসনিক বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। উপজেলা সমবায় কর্মকর্তাগণকে সরকারি নির্দেশনা মোতাবেক কর্মস্থলে থাকতে হবে। ২। প্রতি মাসে ভ্রমণ সূচী ও ভ্রমণ বিবরণী দাখিল করতে হবে। ৩। অফিস চলাকালীন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অফিস ত্যাগ করা যাবে না। ৪। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে মাসিক রিটার্ন জেলা সমবায় দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। ৫। ত্রৈমাসিক রিটার্ন, মাসিক খরচের বিবরণী ও অন্যান্য রিটার্ন নির্দেশিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	থানা/ উপজেলা সমবায় কর্মকর্তা (সকল) ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা।
১৬	বিবিধ	আমানত সুরক্ষা তহবিল, উৎপাদনমুখী ও মডেল সমবায় সমিতির সাইন বোর্ড আলাদাভাবে স্থাপন বিষয়ে আলোচনা করা হয়।	১। আমানত সুরক্ষা তহবিল সংরক্ষণ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। এ দপ্তরের বিশেষ উদ্যোগে উৎপাদনমুখী ও মডেল সমবায় সমিতির সাইন বোর্ড আলাদাভাবে স্থাপনের জন্য তালিকা ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। ৩। উত্তাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-সৈয়দ জসীম উদ্দিন)

সভাপতি

ও


জেলা সমবায় কর্মকর্তা, খুলনা।

স্মারক সংখ্যা: ৪৭.৬১.৪৭০০.০০০.০৬.০০৩.৮৫. ২৬০৬/২(২৭)

তারিখঃ ০৬/০৯/২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

- ১। মেট্রো থানা/উপজেলা সমবায় কর্মকর্তা, খুলনা সদর/রূপসা/দিঘলিয়া/ফুলতলা/বটিয়াঘাটা/তেরখাদা/ডুমুরিয়া/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা।
আগামী ১৬/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ২। ম্যানেজার, খুলনা ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ, খুলনা।
- ৩। ম্যানেজার, মিল্ক ভিটা, থুকড়া, ডুমুরিয়া, খুলনা।
- ৪। জনাব..... জেলা অডিটর/পরিদর্শক/সহকারী প্রশিক্ষক/প্রধান সহকারী/হিসাব রক্ষক, জেলা সমবায় কার্যালয়, খুলনা।


জেলা সমবায় কর্মকর্তা
খুলনা।
০৬/০৯/২২

খুলনা জেলাধীন উপজেলা সমবায় অফিসার ও মাঠপর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে আগস্ট/২০২২ খ্রিঃ

মাসের প্রকল্প সংক্রান্ত সভার কার্যবিবরণী।

স্থান : জেলা সমবায় কার্যালয়, খুলনা।

তারিখ : ৩১/০৮/২০২২ খ্রিঃ।

সময় : দুপুর ১২:০০ টা।

প্রকল্প সভা জেলা সমবায় কর্মকর্তা, খুলনা এর সভাপতিত্বে আরম্ভ করা হয়। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সকলের উদ্দেশ্যে উপজেলা ভিত্তিক কাজের অগ্রগতি মূল্যায়ন করে কার্যপত্র উপস্থাপন করা হয়। সভায় সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

সভার আলোচ্যসূচি মোতাবেক দফাওয়ারী আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।	বিগত ২৮/০৭/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কারও কোন আপত্তি কিংবা কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের প্রস্তাব সম্পর্কে আলোচনা করা হয়।	উক্ত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	সম্পাদিত
	আশ্রয়ণ/ আশ্রয়ণ (ফেইজ-২) ও আশ্রয়ণ-২ প্রকল্পের নিরীক্ষা, তদারকি ও পরিদর্শন সংক্রান্ত	২। আশ্রয়ণ/ আশ্রয়ণ (ফেইজ-২) ও আশ্রয়ণ-২ প্রকল্পের নিরীক্ষা, তদারকি ও পরিদর্শন প্রতিবেদন প্রকল্প পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। দীর্ঘদিন যাবত আশ্রয়ণ প্রকল্পে অবিলম্বিত অর্থ ও ব্যাংকে জমাকৃত টাকা ফেরত ও খেলাপী ঋণের তালিকা প্রণয়ন পূর্বক সার্টিফিকেট মামলা দায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। প্রতি মাসে ১০ তারিখের মধ্যে ১টা আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন দাখিল করতে হবে। ২। খেলাপী ঋণের তালিকা প্রণয়ন পূর্বক সার্টিফিকেট মামলা দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। প্রতি মাসের আদায়কৃত অর্থ ব্যাংকে জমা হয় কিনা তা পর্যালোচনা করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
	আশ্রয়ণ/ আশ্রয়ণ (ফেইজ-২) ও আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত	সভায় উপজেলাসমূহের আশ্রয়ণ/আশ্রয়ণ (ফেইজ-২) ও আশ্রয়ণ-২ প্রকল্পের বিতরণ সংক্রান্ত তথ্য সভায় পর্যালোচনা করা হয়। প্রকল্পের ঋণ আদায়ের হার কম হওয়ায় সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন।	১। আশ্রয়ণ/আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) সমূহের ঋণ আদায় প্রকল্প দপ্তর কর্তৃক সরবরাহকৃত রশিদ বহির মাধ্যমে নিশ্চিত করতে হবে। ২। সংশ্লিষ্ট প্রকল্পের ক্যাশ বহি, ব্যাংক হিসাবের সাথে সামঞ্জস্য রেখে লিপিবদ্ধ নিশ্চিত করতে হবে। ৩। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ আদায় সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে। ৪। কোন প্রকল্পে যাতে অবিতরণকৃত ঋণ না থাকে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে। ৫। ঋণ গ্রহণে আগ্রহী লোক বাছাই করে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। ৬। ঋণ কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান করতে হবে।	থানা/ উপজেলা সমবায় কর্মকর্তা (সকল) ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা।
৪	উন্নত জাতের গাভী পালনের ফ্যামিলি ওয়েল ফেয়ার প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত	খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলা ঋণ আদায়ের সভায় ফ্যামিলি ওয়েল ফেয়ার প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় শতভাগ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	১। ঋণ আদায়ের হার শতভাগ নিশ্চিত করতে হবে। ১। প্রকল্প সমূহের ঋণ আদায়ের ব্যাপারে সচেষ্ট হওয়ার জন্য সংশ্লিষ্ট থানা/উপজেলা সমবায় অফিসারগণকে অনুরোধ হয়। ২। প্রকল্পের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়মিত খাতাপত্র হাল নাগাদ করে জেলা সমবায় অফিসারের স্বাক্ষর নিবেন।	উপজেলা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
৫	সমবায় অধিদপ্তর শক্তিশালীকরণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত	সভায় সমবায় অধিদপ্তর শক্তিশালীকরণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় শতভাগ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	১। প্রকল্প সমূহের ঋণ আদায়ের ব্যাপারে সচেষ্ট হওয়ার জন্য সংশ্লিষ্ট থানা/উপজেলা সমবায় অফিসারগণকে অনুরোধ হয়। ২। প্রকল্পের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়মিত খাতাপত্র হাল নাগাদ করে জেলা সমবায় অফিসারের স্বাক্ষর নিবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

<p>৭ দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল, খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্প।</p>	<p>সকল দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল, খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় শতভাগ নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া জানান ফ্যাসিলিটের না থাকায় আদায় বিঘ্নিত হচ্ছে।</p>	<p>১। “দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রমের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্প” থেকে বিতরণকৃত ঋণ সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। ২। সমিতির সম্পদ বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য সমিতির সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ৩। প্রকল্প সমূহের ঋণ আদায়ের ব্যাপারে সচেষ্ট হওয়ার জন্য উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া ও পাইকগাছাকে অনুরোধ করা হয়। ডুমুরিয়া উপজেলায় ফ্যাসিলিটের নিয়োগের জন্য নীতিমালা মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি জারী করতে হবে। ৪। ডুমুরিয়া ও পাইকগাছা উপজেলা সমবায় অফিসারদ্বয়কে সমবায় সমিতির অনুকূলে ঋণ দাদন ও আদায় সংক্রান্ত তথ্য হাল নাগাদ করে অডিট কাজে সহযোগিতা করার জন্য বলা হলো।</p>	<p>উপজেলা সমবায় কর্মকর্তা পাইকগাছা ও ডুমুরিয়া</p>
<p>ঘূর্ণিঝড় জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর জরুরী পুনর্বাসন প্রকল্প এর পণ্য ঋণ ঋণ পরিশোধ কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত</p>	<p>ঘূর্ণিঝড়/ জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর জরুরী পুনর্বাসন প্রকল্প এর আওতায় বিতরণকৃত ঋণ আদায় জোরদার করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।</p>	<p>১। নিয়মিত ভাবে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়। ২। খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। সার্টিফিকেট মামলা এর তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</p>	<p>সংশ্লিষ্ট কর্মকর্তাগণ</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বা/- (সৈয়দ জসীম উদ্দিন)
সভাপতি
ও
জেলা সমবায় কর্মকর্তা
খুলনা।

তারিখঃ ০৮/১১/২০২২ খ্রিঃ

স্মারক সংখ্যা: ৪৭.৬১.৪৭০০.০০০.০৬.০০৩-১৩০৭/১২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মেট্রো থানা/উপজেলা সমবায় কর্মকর্তা, খুলনা সদর/রূপসা/দিঘলিয়া/ফুলতলা/বটিয়াঘাটা/তেরখাদা/ডুমুরিয়া/দাকোপ/পাইকগাছা/কয়রা, খুলনা। আগামী ১৬/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। জনাব.....জেলা অডিটর/পরিদর্শক/সহকারী প্রশিক্ষক/প্রধান সহকারী/তীত তত্ত্ববধায়ক/হিসাব রক্ষক, জেলা সমবায় কার্যালয়, খুলনা।


জেলা সমবায় কর্মকর্তা
খুলনা।
০৮/১১/২২